স্নাতক পাসে চাকরি দেবে মেঘনা গ্রুপ

বাংলাদেশের নেতৃস্থানীয় ব্যবসায়িক সংস্থা মেঘনা গ্রুপ অব ইন্ডাস্ট্রিজ (এমজিআই) নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। প্রতিষ্ঠানটি তাদের ‘ডেপুটি ম্যানেজার’ পদে একাধিক জনবল নিয়োগ দেবে। আগ্রহীরা অনলাইনে আবেদন করতে পারবেন আগামী ১৭ মে পর্যন্ত।

প্রতিষ্ঠানের নাম : মেঘনা গ্রুপ অব ইন্ডাস্ট্রিজ (এমজিআই)

পদ ও বিভাগের নাম : ডেপুটি ম্যানেজার-লজিস্টিকস, সিমেন্ট

পদসংখ্যা : নির্ধারিত নয়

বয়স : কমপক্ষে ২৮ বছর

কর্মস্থল : ঢাকা

বেতন : আলোচনা সাপেক্ষে

অভিজ্ঞতা : কমপক্ষে ৫ বছর

বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ : ৮ মে, ২০২৪

কর্মঘণ্টা : ফুল টাইম

প্রার্থীর ধরন : নারী-পুরুষ (উভয়)

আবেদনের শেষ তারিখ : ১৭ মে, ২০২৪

শিক্ষাগত যোগ্যতা : স্নাতক/সম্মান ডিগ্রি

যেভাবে আবেদন করবেন : আগ্রহী প্রার্থীরা আবেদন করতে ও বিস্তারিত বিজ্ঞপ্তিটি দেখতে এখানে ক্লিক করুন।

ঠিকানা: ফ্রেশ ভিলা, হাউস # ১৫, রোড # ৩৪, গুলশান-১, ঢাকা- ১২১২ অথবা এফএমসিজি অফিস, বাড়ি # ২৩, রোড # ২৪, গুলশান-২, ঢাকা-১২১২

এক মঞ্চে গাংনীর প্রার্থীরা

মানুষের খাদ্য, বস্ত্র, স্বাস্থ্য, শিক্ষা, নিরাপত্তাসহ মৌলিক ও মানবিক চাহিদা নিশ্চিত করার পাশাপাশি সন্ত্রাস, মাদকাসক্তিসহ বিভিন্ন সামাজিক অপরাধ রোধে উদ্যোগ গ্রহণ ও পারস্পারিক সহযোগীতার সংস্কৃতি গড়ে তুলতে কাজ করবেন বলে অঙ্গিকার করলেন গাংনীর চেয়ারম্যান ও ভাইসচেয়ারম্যান প্রার্থীরা।

পিস ফ্যাসিলিটেটর গ্রুপ (পিএফজি) গাংনী উপজেলা শাখা আয়োজিত প্রতিদ্বন্দ্বীতাকারি প্রার্থীদের নিয়ে “জনগণের মুখোমুখি” অনুষ্ঠানে এই অঙ্গিকার ব্যাক্ত করেন ষষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচনের চেয়ারম্যান, ভাইসচেয়ারম্যান ও মহিলা ভাইসচেয়ারম্যান প্রার্থীরা।

আজ বৃহস্পতিবার (৯ এপ্রিল) সকাল ১১ টার সময় গাংনী আলিয়া মাদ্রাসা চত্ত্বরে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়।

পিএফজির সদস্য বীর মুক্তিযোদ্ধা মোজাম্মেল হকের সভাপতিত্বে অনুষ্ঠিত জনগণের মুখোমুখি অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার ও সহকারি রিটানিং অফিসার প্রীতম সাহা।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন, গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো: তাজুল ইসলাম, নির্বাচন অফিসার কামরুল আহসান, সাংস্কৃতিক সংগঠক ও পিস ফ্যাসিলিটেটর গ্রুপ (পিএফজি)র সিরাজুল ইসলাম।

জনগণের মুখোমুখি অনুষ্ঠানে বক্তব্য রাখেন গাংনী উপজেলা পরিষদ নির্বাচনের চেয়ারম্যান প্রার্থী, এমএ খালেক, লাইলা আরজুমান বানু শিলা, মোখলেছুর রহমান মুকুল, এ কে এম শফিকুল আলম, জুলফিকার আলী ভূট্টো, অ্যাডভোকেট রাশেদুল হক জুয়েল, মুকুল জোয়ার্দ্দার।

ভাইস চেয়ারম্যান পদের প্রার্থী মো: ফারুক হাসান, মো: দেলোয়ার হোসেন মিঠু, মো: রেজাউল করিম, মহিলা ভাইসচেয়ারম্যান পদের প্রার্থী ফারহানা ইয়াসমিন, নাসিমা খাতুন ও জাকিয়া আক্তার।

দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশের যশোর এরিয়া সমন্বয়কারি খোরশেদ আলম, পিস ফ্যাসিলিটেটর গ্রুপ (পিএফজি) গাংনী উপজেলার সমন্বয়ক প্রভাষক রফিকুল আলম বকুল ও পিএফজির সদস্য প্রভাষক মহিবুর রহমান মিন্টু অনুষ্ঠানে সঞ্চালকের দায়ীত্ব পালন করেন।

অনুষ্ঠানে জণগনের প্রশ্নের জবাবে প্রার্থীরা বলেন, নির্বাচিত হলে, উপজেলা পরিষদকে দূর্ণীতিমুক্ত, কার্যকর ও জনকল্যাণমুলক প্রতিষ্ঠান হিসেবে গড়ে তুলবো। নারীর অবস্থার উন্নয়নকে অগ্রাধিকার দিয়ে সকল মানুষের সার্বিক জীবন মানের উন্নয়নের জন্য কাজ করার পাশাপাশি ইভটিজিং বন্ধসহ নারী নির্যাতন, বহু বিবাহ, বাল্যবিবাহ বন্ধ, যৌতুকসহ নারীর প্রতি সহিংসতা রোধে সামাজিক আন্দোলন গড়ে তুলবো। নির্বাচিত হলে এলাকার মুক্তিযোদ্ধা, যুদ্ধাহত মুক্তিযোদ্ধা, দুস্থ মুক্তিযোদ্ধা পরিবার ও প্রতিবন্ধীসহ সমাজের পিছিয়ে পড়া জনগোষ্ঠির প্রতি বিশেষ নজর দিয়ে তাদের উন্নয়নে ভূমিকা পালন করারও প্রতিশ্রম্নতি ব্যাক্ত করেন প্রার্থীরা।

এসময় দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ এর গাংনী এরিয়া কো অর্ডিনেটর হেলাল উদ্দীন, লুৎফুন্নেছা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও

পিএফজির সদস্য সৈয়দ জাকির হোসেন, করমদি ডিগ্রী কলেজের প্রভাষক ও পিএফজির সদস্য আবু সাদাদ মোহাম্মদ সায়েম পল্টু, গাংনী প্রেসক্লাবের সাধারণ সম্পাদক ও পিএফজির সদস্য মাহবুবুল আলম, সাংবাদিক ও পিএফজির সদস্য জুলফিকার আলী কাননসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে গাংনী উপজেলা পরিষদ নির্বাচনের অংশগ্রহণকারী ৬ জন চেয়ারম্যান, ৩ জন ভাইসচেয়ারম্যান ও ৩ জন মহিলা ভাইসচেয়ারম্যান প্রার্থী এক অপরের হাতে হাত রেখে দুহাত তুলে সুন্দর ও সোহাদ্যর্পূর্ণ গাংনী গড়ে তোলার অঙ্গিকার করেন।

হোয়াটসঅ্যাপে নতুন ফিচার আসছে

ব্যবহারকারীদের জন্য নতুন ফিচার নিয়ে আসছে সামাজিক যোগাযোগমাধ্যম হোয়াটসঅ্যাপ। ব্যবহারকারীর সময় বাঁচাতে বিভিন্ন চ্যানেলকে ভিন্ন ভিন্ন ক্যাটাগরিতে ভাগ করার নতুন ফিচার নিয়ে আসছে প্রতিষ্ঠানটি।

বৃহস্পতিবার (৯ মে) হোয়াটসঅ্যাপ বেটাইনফোর বরাত দিয়ে সংবাদমাধ্যম দ্য টাইমস অব ইন্ডিয়া এক প্রতিবেদনে এ তথ্য তুলে ধরেছে।

২০২৩ সালে হোয়াটসঅ্যাপে চ্যানেল যোগ করেন মালিকানাধীন প্রতিষ্ঠান মেটা। এবার সেই চ্যানেলগুলো থেকে নিজের পছন্দমতো একটি সহজেই খুঁজে পেতে বিভিন্ন ক্যাটাগরিতে ভাগ করার ফিচার যুক্ত করতে যাচ্ছে হোয়াটসঅ্যাপ। জানা গেছে, আপডেটটি খুব দ্রুতই ব্যবহারকারীদের ডিভাইসে চলে আসবে।

চ্যানেলগুলো নতুন সম্প্রচারের মাধ্যম হিসেবে হোয়াটসঅ্যাপে যুক্ত হয়েছে। যা ব্যবহার করে অনেকেই তাদের ফলোয়ারদের জন্য সাধারণ বার্তা পাঠাতে পারবে। জানা যায়, এই চ্যানেলগুলোকে ৭টি ভাগে ভাগ করা হচ্ছে। ব্যবসা, বিনোদন, লাইফস্টাইল, তথ্য ও সংবাদ, সংস্থা, ব্যক্তিবিশেষ এবং খেলাধুলা।

ফিচারটি চলে আসার সঙ্গে সঙ্গেই চ্যানেলগুলো এসব ক্যাটাগরির মাধ্যমে আলাদা হয়ে যাবে। যার কারণে ব্যবহারকারীদের অযথা চ্যানেল খোঁজার ঝামেলা নিতে হবে না। এতে করে সময়ও বাঁচবে। একই সঙ্গে এসব ক্যাটাগরিতে নিজের পছন্দসই কন্টেন্ট খুঁজে বের করার আরও আপডেট আসবে বলে জানায় হোয়াটসঅ্যাপ। লোকেশন বা স্থান ট্র্যাক করে ব্যবহারকারীদের আগ্রহের কন্টেন্টগুলোকে সামনে আনতে আপডেটে কাজ করা হবে বলে উল্লেখ করে প্রতিষ্ঠানটি।

সূত্র: কালবেলা

গাংনীতে উন্নত ব্যবস্থাপনায় মাছ চাষে দক্ষতা শীর্ষক প্রশিক্ষণ

মেহেরপুর গাংনীর পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস) কর্তৃক সমন্বিত কৃষি ইউনিটভুক্ত মৎস্যখাত এর আওতায় দুই দিনব্যাপি উন্নত ব্যবস্থাপনায় মাছ চাষ বিষয়ক দক্ষতা উন্নয়নমূলক শীর্ষক প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। প্রশিক্ষণটি পিএসকেএস প্রধান কার্যালয়, বাঁশবাড়িয়া, গাংনীতে অনুষ্ঠি হয়।

উক্ত প্রশিক্ষণে প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা মৎস্য কর্মকর্তা মোঃ রোকনুজ্জামান ও গাংনী উপজেলা মৎস্য কর্মকর্তা খোন্দকার সহিদুর রহমান। এছাড়াও উপস্থিত ছিলেন সংস্থার কর্মকর্তাবৃন্দ ও মৎস্য চাষীসহ মাছ চাষে সফল খামারি।

এ সময় মাছ চাষ ব্যবস্থাপনা, গুণগত মানসম্পন্ন মাছের বৈশিষ্ট্য, মাছ চাষে সরকারের নানা পদক্ষেপ ও সফলতা, উত্তম ব্যবস্থাপনায় মাছ চাষ ব্যবস্থাপনা, পুকুর ব্যবস্থাপনা ও মজুদকালীন ব্যবস্থাপনা, পুকুর পাড়ে চাষযোগ্য সবজি ও এর উপকারিতা নিয়ে আলোচনা, প্রাথমিক খাদ্য পরীক্ষা, মাছের সাধারণ রোগ ও প্রতিকার, সমন্বিত মাছ চাষের উপকারিতাসহ চাষ সংক্রান্ত অন্যান্য বিষয়ে আলোকপাত করা হয়। উক্ত কার্যক্রমে আর্থিকভাবে সহায়তা করছে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন

(পিকেএসএফ)।

নায়ক সোহেল চৌধুরী হত্যা মামলায় ৩ জনের যাবজ্জীবন, ৬ জন খালাস

নব্বই দশকের চিত্রনায়ক সোহেল চৌধুরী হত্যাকাণ্ডের ঘটনায় করা মামলায় আজিজ মোহাম্মদ ভাইসহ তিনজনের যাবজ্জীবন আদেশ দিয়েছেন আদালত।

বৃহস্পতিবার (৯ মে) ঢাকার দ্রুত বিচার ট্রাইব্যুনাল-২ এর বিচারক অরুণাভ চক্রবর্তী এ রায় ঘোষণা করেন।

কারাদণ্ডের পাশাপাশি তাদের প্রত্যেককে ২ লাখ টাকা অর্থদণ্ড অনাদায়ে আরও এক মাসের কারাদণ্ড দিয়েছেন আদালত। এছাড়া বাকি ৬ আসামির বিরুদ্ধে অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় আদালত তাদের খালাস দিয়েছেন।

দণ্ডপ্রাপ্ত আসামিরা হলেন, ট্রাম্পস ক্লাবের মালিক আফাকুল ইসলাম ওরফে বান্টি ইসলাম, ব্যবসায়ী আজিজ মোহাম্মদ ভাই ওরফে আব্দুল আজিজ ও আদনান সিদ্দিকী।

এর আগে গত ২৯ এপ্রিল ঢাকার দ্রুত বিচার ট্রাইব্যুনাল-২ এর বিচারক অরুণাভ চক্রবর্তী রাষ্ট্রপক্ষ ও আসামিপক্ষের যুক্তি উপস্থাপন শেষে রায় ঘোষণার জন্য বৃহস্পতিবার (৯ মে) ধার্য করেন।

গত ১১ ফেব্রুয়ারি মামলাটিতে আত্মপক্ষ শুনানি শেষ হয়। এর আগে কোনো সাক্ষী সাক্ষ্য দিতে আদালতে না আসায় গত ২৮ জানুয়ারি সাক্ষ্যগ্রহণ সমাপ্ত ঘোষণা করেন আদালত। মামলাটিতে ১০ জনের সাক্ষ্যগ্রহণ করেন আদালত।

১৯৯৮ সালের ১৭ ডিসেম্বর রাজধানীর বনানীতে ট্রাম্পস ক্লাবের নিচে সোহেল চৌধুরীকে গুলি করে হত্যা করা হয়। এ ঘটনায় তার ভাই

তৌহিদুল ইসলাম চৌধুরী গুলশান থানায় মামলা করেন।সোহেল চৌধুরী নিহত হওয়ার পরপরই এই হত্যাকাণ্ডে চলচ্চিত্র প্রযোজক ও ব্যবসায়ী আজিজ মোহাম্মদ ভাইয়ের সম্পৃক্ততার অভিযোগ ওঠে।

আইনজীবী ও আদালত–সংশ্লিষ্ট সূত্রগুলো বলছে, মামলার অভিযুক্ত ৯ আসামির মধ্যে পাঁচজন পলাতক। তারা হলেন, ব্যবসায়ী আজিজ মোহাম্মদ ভাই ওরফে আবদুল আজিজ, ট্রাম্প ক্লাবের মালিক আফাকুল ইসলাম ওরফে বান্টি ইসলাম, সেলিম খান, হারুন অর রশীদ ওরফে লেদার লিটন ওরফে বস লিটন ও আদনান সিদ্দিকী। এ ছাড়া আসামি আশীষ রায় চৌধুরী ওরফে বোতল চৌধুরী, তারিক সাঈদ মামুন ও ফারুক আব্বাসী জামিনে আছেন। আর কারাগারে আছেন সানজিদুল ইসলাম ইমন।

মামলাটি তদন্ত শেষে ১৯৯৯ সালের ৩০ জুলাই গোয়েন্দা পুলিশের সহকারী পুলিশ কমিশনার আবুল কাশেম ব্যাপারী ৯ জনের বিরুদ্ধে অভিযোগপত্র দাখিল করেন।

২০০১ সালের ৩০ অক্টোবর ঢাকার তৃতীয় অতিরিক্ত মহানগর দায়রা জজ আদালত আসামিদের বিরুদ্ধে অভিযোগ গঠন করেন। এর দুই বছর পর মামলাটির বিচার দ্রুত নিষ্পত্তির জন্য ঢাকার ২ নম্বর দ্রুত বিচার ট্রাইব্যুনালে পাঠানো হয়। ওই বছরই আসামিদের মধ্যে একজন হাইকোর্টে আবেদন করেন। আবেদনের প্রেক্ষিতে ২০০৩ সাল থেকে দীর্ঘ ১৯ বছর হাইকোর্টের আদেশে মামলাটি স্থগিত ছিল।

সূত্র: ইত্তেফাক

বিশ্বকাপের জন্য দল ঘোষণা করলো পাপুয়া নিউগিনি

প্রথম বারের মতো ২০২১ সালে টি-টোয়েন্টি বিশ্বকাপ খেলার যোগ্যতা অর্জন করে আইসিসির সহযোগী দেশ পাপুয়া নিউগিনি। তবে গেল আসরে আর তাদের দেখা যায়নি। আসরের পরই ফের ফিরেছে তারা। আসন্ন ওয়েস্ট ইন্ডিজ ও যুক্তরাষ্ট্রে অনুষ্ঠিত হতে যাওয়া টি-টোয়েন্টি বিশ্বকাপে খেলার টিকিট নিশ্চিত করে প্রশান্ত মহাসাগরের কোলঘেঁষা

দেশটি। এবারের আসর সামনে রেখে অভিজ্ঞতাকে প্রাধান্য দিয়ে দল ঘোষণা করেছে দলটি।

গতকাল এক বিবৃতিতে আসন্ন টি-টোয়েন্টি বিশ্বকাপের জন্য ১৫ সদস্যের দল ঘোষণা করে পাপুয়া নিউগিনি। ২০২১ বিশ্বকাপের মতো এবারের আসরেও দলটিকে নেতৃত্ব দেবেন আসাদ ভালা। এক বিবৃতিতে এবারের আসরে নিজেদের আশা নিয়ে দেশটির ক্রিকেট জানায়, ‘আমাদের দলে দুর্দান্ত কিছু খেলোয়াড় আছে। গত টি-টোয়েন্টি বিশ্বকাপে যাওয়া কিছু ছেলেকে অনেক প্রশিক্ষণ দেওয়া হয়েছে, এটা অন্যরকম অনুভূতি। কারণ ২০২১ বিশ্বকাপ কোভিডের সময় ছিল। যার জন্য সেই সময় তেমন একটা প্রস্তুতি নেওয়ার সুযোগ ছিল না। আমরা এই আসরের জন্য মুখিয়ে আছি। কারণ আমরা জানি আমরা এবার ভালো করতে যাচ্ছি।’

এবারের আসরে ‘সি’ গ্রুপে খেলবে দলটি; যেখানে তাদের প্রতিপক্ষ স্বাগতিক ওয়েস্ট ইন্ডিজ, নিউজিল্যান্ড, আফগানিস্তান ও উগান্ডা। ২ জুন স্বাগতিক ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে ম্যাচ দিয়ে বিশ্বকাপ মিশন শুরু করবে দেশটি।

সূত্র: ইত্তেফাক

মেহেরপুরে সুইপার কলোনির আবাসিক স্থান পরিবর্তনের দাবিতে মানববন্ধন

মেহেরপুরে ঈদগাহ ও কবরস্থানের পবিত্রতা, পরিবেশ রক্ষার জন্য সুইপার কলোনির আবাসিক স্থান পরিবর্তনের দাবিতে র্যালি ও মানববন্ধন করেছেন মেহেরপুর পৌরসভার ৮ ও ৯ নম্বর ওয়ার্ডের স্থানীয় বাসিন্দারা।

আজ বৃহস্পতিবার সকাল সাড়ে ১১ টার দিকে মেহেরপুর কলেজ মোড় গোল চত্ত্বর এলাকা থেকে র্যালিটি বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে মেহেরপুর জেলা প্রশাসক কার্যালয়ের সামনে গিয়ে শেষ

হয়।

সুইপার কলোনির আবাসিক স্থান পরিবর্তনের দাবিতে জেলা প্রশাসক বরাবর স্মারকলিপি প্রদান করেন।

এ সময় বক্তারা বলেন, অনতিবিলম্বে মেহেরপুর গরুর হাটে সুইপার কলোনির কাজ বন্ধ না করলে আন্দোলন আরো জোরদার করা হবে। অন্যথায় কাজ বন্ধ করার জন্য পৌরসভার ৮ নম্বর ও ৯ নম্বর ওয়ার্ডের সকল বাসিন্দাদের সাথে নিয়ে আমরা রাস্তায় নামবো।

এ সময় উপস্থিত ছিলেন ৮ নম্বর ওয়ার্ড কাউন্সিলর মনজুরুল কবির রিপন, ৯ নম্বর ওয়ার্ডের সাবেক কাউন্সিলর মোহাম্মদ বিন হাশেম কামরুল, মেহেরপুর সদর উপজেলা স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক রাশেদুল হাসান আনন্দ সহ ৮ নম্বর ৯ নয় নম্বর ওয়ার্ডের বাসিন্দারা।

দামুড়হুদা উপজেলা পরিষদ নির্বাচন সম্পন্ন

সারা দেশের ন্যায় ৬ষ্ঠ উপজেলা পরিষদ সাধারণ নির্বাচন- ২০২৪ প্রথম ধাপে দামুড়হুদা উপজেলা পরিষদ নির্বাচন অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বুধবার সকাল ৮টা থেকে বিকাল ৪টা পর্যন্ত বিরতিহীন ভাবে এই ভোট গ্রহন চলে। আনারস প্রতীক নিয়ে পুনরায় ২য় বারের মতো দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান নির্বাচিত হয়েছেন মোঃ আলী মুনছুর বাবু। বিনা প্রতিদ্বন্দ্বিতায় ভাইস চেয়ারম্যান পদে নির্বাচিত হয়েছেন শফিউল কবির ইউসুফ। মহিলা ভাইস চেয়ারম্যান পদে নির্বাচিত হয়েছেন তানিয়া খাতুন।

দেশব্যাপী ৬ষ্ঠ উপজেলা পরিষদ সাধারণ নির্বাচনের প্রথম ধাপে দামুড়হুদা উপজেলা পরিষদের নির্বাচন সুষ্ঠু নিরপেক্ষ ও সুন্দরভাবে অনুষ্ঠিত হয়েছে। তবে সকাল থেকে দুপুর পর্যন্ত ভোটার উপস্থিতি একেবারে কম ছিল। দুপুরের পর থেকে ধীরে ধীরে ভোটারের সংখ্যা বৃদ্ধি পায়। দামুড়হুদা উপজেলায় মোট ৯৬টি কেন্দ্রের ৭০০টি ভোট

কক্ষে ভোট গ্রহণ অনুষ্ঠিত হয়েছে। এখানে এক লক্ষ ২৪ হাজার ৮৭৯ জন পুরুষ ভোটার ও এক লক্ষ ২২ হাজার ৯৪১ জন মহিলা ভোটার, নারী পুরুষ সহ মোট দুই লক্ষ ৪৭ হাজার ৮শ ২০ জন ভোটার ছিলেন।

উপজেলা পরিষদের চেয়ারম্যান পদে প্রতিদ্বন্দ্বী করেন তিন জন। তারা হলেন আলী মুনছুর বাবু, এসএএম জাকারিয়া আলম ও আবু তালেব। এর মধ্যে আনারস প্রতীক নিয়ে আলী মুনছুর বাবু ৪৯,৯৫২ ভোট পেয়ে পুনরায় দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান নির্বাচিত হয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী ছিলেন মোটরসাইকেল প্রতীক নিয়ে এসএএম জাকারিয়া আলম, তিনি মোট ভোট পেয়েছেন ১৩,৫৩০টি, এবং আবু তালেব ঘোড়া প্রতীক নিয়ে ভোট পেয়েছেন ২৫৯০টি। ভাইস চেয়ারম্যান পদে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়েছেন শফিউল কবির ইউসুফ। মহিলা ভাইস চেয়ারম্যান পদে প্রতিদ্বন্দ্বীতা করেছেন দুই জন প্রার্থী। এর মধ্যে কলস প্রতীক নিয়ে সাহিদা খাতুন ও ফুটবল প্রতীক নিয়ে তানিয়া খাতুন। তানিয়া খাতুন মোট ৩৩,৪৮৬ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন এবং সাহিদা খাতুন ভোট পেয়েছেন ২৯০৮৭।

নির্বাচনী ফলাফল ঘোষণা করেন, চুয়াডাঙ্গা জেলা নির্বাচন অফিসার মোঃ মোতাওয়াক্কিল রহমান।

শিলাইদহে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের ১৬৩তম জন্ম জয়ন্তীর উদ্বোধন

আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক মাহবুব-উল আলম হানিফ বলেছেন, বাংলা সাহিত্যের প্রায় সব শাখাতেই কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের নির্দেশকের ভূমিকা রেখেছেন।

তিনি বলেন, রবীন্দ্রনাথ ঠাকুরের জীবনাদর্শ ও তার সৃষ্টিকর্ম শোষণ-বঞ্চনামুক্ত, অসাম্প্রদায়িক বাংলাদেশ বিনির্মাণে চিরদিন বাঙালিকে অনুপ্রাণিত করবে। তিনি বাঙালির চেতনা ও মননের প্রধান প্রতিনিধি। বিশ্বকবির কুঠিবাড়ী, কাচারিবাড়িসহ তার সব স্মৃতি

সংরক্ষণের জন্য বর্তমান সরকারের প্রচেষ্টার অব্যাহত আছে।

আজ বুধবার সকাল সাড়ে ১১টায় বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের ১৬৩তম জন্মবার্ষিকী উপলক্ষে কুষ্টিয়ার শিলাইদহে কবির স্মৃতিবিজড়িত কুঠিবাড়ি আঙিনায় দুইদিনের রবীন্দ্র জন্মজয়ন্তী ও আলোচনা অনুষ্ঠানের উদ্ধোধনকালে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

কুষ্টিয়ার ঐতিহ্য আমাদের এই শিলাইদহের কুঠিবাড়ী উল্লেখ করে মাহবুব উল আলম হানিফ এমপি আরও বলেন, প্রতিনিয়ত এখানে রবীন্দ্রপ্রেমী ও দর্শনার্থীদের আগমণ ঘটে। তাই এখানে আধুনিক পর্যটন কেন্দ্র করতে আরও বেশি উদ্যোগ নেওয়া হবে এবং ট্যুরিস্ট পুলিশের তৎপরতা বাড়াতে হবে যাতে করে পর্যটকদের কোন সমস্যার সৃষ্টি না হয়। একইসাথে এই শিলাইদহে ভবিষ্যতে শান্তি নিকেতনের আদলে কিছু করা যায় কিনা সেটাও ভেবে দেখা হবে।

কুষ্টিয়ার জেলা প্রশাসক মো: এহেতেশাম রেজার সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন কুষ্টিয়া- ৪(খোকসা-কুমারখালী) আসনের সংসদ সদস্য আব্দুর রউফ, পুলিশ সুপার এএইচ এম আবদুর রকিব, কুষ্টিয়া সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর শিশির কুমার রায়, সাংবাদিক ইউনিয়ন কুষ্টিয়ার সভাপতি রাশেদুল ইসলাম বিপ্লব, জাগ্রত মহানায়ক শিহাব রিফাত আলম, জাতীয় মানবাধিকার সোসাইটির চেয়ারম্যান প্রফেসর নজরুল ইসলাম তামিজি প্রমুখ।

কবির কর্মময় জীবন নিয়ে আলোচনা করেন রবীন্দ্র গবেষক ইবির বাংলা বিভাগের অধ্যাপক ড. সরওয়ার মুর্শেদ রতন, শিলাইদহ রবীন্দ্র সংসদের পরিচালক আফজাল হোসেন।

এর আগে জেলা শিল্পকলা একাডেমির শিল্পীদের কণ্ঠে সূচনা সঙ্গীত পরিবেশিত হয়। দুই দিনব্যাপী রবীন্দ্রমেলাকে ঘিরে শিলাইদহ কুঠিবাড়ি আঙিনা হাজারো দর্শনার্থীদের পদচারণায় মুখর হয়ে উঠেছে।তবে প্রচন্ড গরম এবং উপজেলা পরিষদের নির্বাচনের কারণে তিন দিনের এ অনুষ্ঠানকে দুই দিনেই শেষ হবে।

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সহযোগিতায় কুষ্টিয়া জেলা প্রশাসন বিশ্বকবির ১৬৩তম জন্মবার্ষিকী উপলক্ষে দুই দিনব্যাপী আয়োজিত অনুষ্ঠানে কুঠিবাড়ির মূলমঞ্চে প্রতিদিনই আলোচনা সভা অনুষ্ঠিত হবে। পাশাপাশি দেশের বিভিন্ন জেলার সংগঠনসহ জাতীয় পর্যায়ের শিল্পীরা কুঠিবাড়ির মূলমঞ্চে রবীন্দ্র সংগীত, কবিতা আবৃত্তি,

দলীয় নৃত্য পরিবেশন ও রবীন্দ্রনাথের লেখা নাটক মঞ্চস্থ করবেন।

এদিকে, রবীন্দ্র জন্মবার্ষিকীতে কুঠিবাড়ি চত্বরে বসেছে বিশাল গ্রামীণ মেলা। নানারকম পসরা সাজিয়ে বসেছেন দোকানিরা। ঐতিহাসিক এই উৎসবকে নির্বিঘ্ন করতে প্রশাসনের পক্ষ থেকে নেওয়া হয়েছে কয়েক স্তরের নিরাপত্তা ব্যবস্থা।

জমিদারি দেখাশোনার জন্য ১৮৯১ সালে প্রথম এই কুঠিবাড়িতে আসেন রবীন্দ্রনাথ ঠাকুর। নিরিবিলি পরিবেশ, জমিদারি আর ব্যবসার কারণে বার বার কুষ্টিয়ার এই কুঠিবাড়িতে ফিরে আসতেন তিনি। নিভৃত বাংলার প্রত্যন্ত অঞ্চল কুষ্টিয়ার শিলাইদহে কবির জীবনের বেশকিছু মূল্যবান সময় কেটেছে। এখানে বসে রচিত গীতাঞ্জলি কাব্যই রবীন্দ্রনাথকে এনে দিয়েছে নোবেল পুরস্কার আর বিশ্বকবির মর্যাদা। এছাড়া তিনি এখানে বসেই বাংলাদেশের জাতীয় সংগীতসহ অসংখ্য কালজয়ী সাহিত্য রচনা করেছেন। কুঠিবাড়িতে সংরক্ষিত আছে সেসব দিনের নানা স্মৃতি।

জীবননগরে চেয়ারম্যান পদে হাজী হাফিজুর রহমান বিজয়ী

জীবননগর উপজেলা পরিষদ নির্বাচনে চেয়ারম্যান পদে হাজী হাফিজুর রহমান ও মহিলা ভাইস চেয়ারম্যান পদে রেনুকা আক্তার রিতা বেসরকারি ভাবে নির্বাচিত হয়েছেন।

কাপ পিরিচ প্রতীকে ৩৩০৬১ ভোট পেয়ে পুনরায় চেয়ারম্যান নির্বাচিত হয়েছেন হাজী হাফিজুর রহমান (হাফিজ) তার নিকটতম প্রতিদ্বন্দ্বী এস, কে লিটন আনারস প্রতীক ২৩৫৬৪ ভোট পেয়েছেন।

মহিলা ভাইস চেয়ারম্যান পদে মোছাঃ রেনুকা আক্তার (রিতা) হাস প্রতীকে ৩৬১০৮ ভোট পেয়ে বেসরকারিভাবে নির্বাচিত হয়েছেন, তার নিকটতম প্রতিদ্বন্দ্বী আয়েশা সুলতানা কলস প্রতীকে ১৮৫৬৬ ভোট পেয়েছেন।